

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা।


পত্র নং-০৩.০৭.২৬৬৬.৬৬১.০৬.০১৮.১৬- ১২

তারিখঃ ০৪/০২/২০১৮ খ্রিঃ।

বিষয় : এনজিও বিষয়ক ব্যুরোর মাসিক সমন্বয় সভা জানুয়ারি/২০১৮ এর সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্যুরোর জানুয়ারি/২০১৮ মাসের মাসিক সমন্বয় সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

- (ক) প্রত্যেক এনজিও'র website থাকতে হবে। যাদের website নেই আগামী ১৫ (পনের) দিনের মধ্যে website তৈরি করতে হবে। Website এ অনুমোদিত প্রকল্পের কপি ও হালনাগাদ অগ্রগতি আপলোড করতে হবে।
 - (খ) প্রত্যেক এনজিও, সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রকল্পে ঐ এনজিও, সংস্থা'র অফিসিয়াল ওয়েব এড্রেস ও স্বাক্ষরকারীর ই-মেইল এড্রেস, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
 - (গ) প্রত্যেক এনজিও সংস্থার চেয়ারম্যান, সাধারণ সম্পাদক, মহাসচিব বা গঠনতন্ত্র অনুযায়ী স্বাক্ষর করতে সক্ষম (গঠনতন্ত্রের ধারা উল্লেখসহ) ব্যতীত অন্য কারো স্বাক্ষরে প্রকল্প দাখিল করলে তা বিবেচনা করা হবে না।
- ২। এমতাবস্থায়, মাসিক সমন্বয় সভা জানুয়ারি/২০১৮ এর উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।



(সামছুদ্দিন মুন্না)

সহকারী পরিচালক

munnaahmed16746@gmail.com

নির্বাহী প্রধান/ চেয়ারম্যান

.....

.....

.....

(সকল এনজিও)